

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০০১.২৩.১২৫

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৯

২৮ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ৩৬/২০২৩ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ৩৬/২০২৩-এর ০৩/০১/২০২৩ তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ এর অনুমতি ব্যতিরেকে অবৈধ স্থাপনা তৈরি করায় উল্লিখিত অবৈধ অবকাঠামো ভেঙ্গে ফেলার বিষয়ে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ নারায়ণগঞ্জ এর ০৩/১০/২০২২ তারিখের ৬৮৫নং স্মারককে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগ-এর সচিব মহোদয়সহ মোট বারো জনকে প্রতিপক্ষ করে পিটিশনার জনাব সোহেল রানা কর্তৃক বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর ১০২ অনুচ্ছেদ মোতাবেক রিট পিটিশন নং ৩৬/২০২৩ রুজু করা হয়েছে। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে আদেশ গ্রহণের তারিখ হতে ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। এ রিটের ২নং প্রতিপক্ষ চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, মতিঝিল, ঢাকা।

০২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৩৬/২০২৩ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্রের দুই সেট সত্যায়িত কাগজপত্র এবং এ রিটের সার্টিফাইড কপি জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।

চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, মতিঝিল, ঢাকা।

২৮-২-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০১৯৭

ইমেইল: Lglaw2@lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০০১.২৩.১২৫/১(৪)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৯

২৮ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২৮-২-২০২৩

মাহবুবা আইরিন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)